# দুর্ঘটনা



Espen Stranger-Johannessen
Aakanee
Tahmina Akter
3
বাংলা bn



কার্লোস একটি স্কুটার চালায়। সে দ্রুত গতিতে চালায়।

রাস্তায় পানি জমে আছে। রাস্তাটি পিচ্ছিল।



সে স্কুটারের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে ও পড়ে যায়।




কার্লোস মারাত্মকভাবে আহত হয়।





একজন মহিলা অ্যাম্বুলেন্স ডাকলেন। “একটা দুর্ঘটনা ঘটেছে। তাড়াতাড়ি এসো!”

অ্যাম্বুলেন্স খুব দ্রুত চলে আসে।




দু’জন লোক কার্লোসকে স্ট্রেচারে উঠায়।






তারা কার্লোসকে অ্যাম্বুলেন্সে তুলে নিয়ে যায়।


অ্যাম্বুলেন্সটি হাসপাতালে যায়।




একজন নার্স কার্লোসকে হাসপাতালের ভিতর নিয়ে যায়।




সে তার চিকিৎসা করে।





কার্লোসের পায়ে অনেক ব্যথা এবং সে দুশ্চিন্তা করে।

দু’জন চিকিৎসক তার পায়ে অস্ত্রোপচার করেন।





তার বাবা-মা তাকে দেখতে আসেন। তাঁরা তাকে জিজ্ঞেস করেন কীভাবে দুর্ঘটনাটি ঘটেছে।

তাঁরা তাকে বাড়ি নিয়ে যান। কার্লোস এখন ক্রাচ ব্যবহার করছে।



# LIDA Stories

lidastories.net

# দুর্ঘটনা


Espen Stranger-Johannessen
Aakanee
Tahmina Akter